ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০৯০
ধর্মনগর, ০৭ ডিসেম্বর, ২০২৪

**উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক বাল বৈজ্ঞানিক প্রদর্শনী**

উত্তর ত্রিপুরা জেলার ধর্মনগরে আজ জেলাভিত্তিক বাল বৈজ্ঞানিক প্রদর্শনী ও বিজ্ঞান সেমিনার অনুষ্ঠিত হয়। বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে ২ দিনব্যাপী আয়োজিত এই বাল বৈজ্ঞানিক প্রদর্শনী অনুষ্ঠানের উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, বাল বৈজ্ঞানিক প্রদর্শনী ছাত্রছাত্রীদের মেধার বিকাশে সহায়ক হবে। উদ্বোধনী অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন মিতালী রাণী দাস সেন, জেলা শিক্ষা আধিকারিক সুখময় নাথ প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বাল বৈজ্ঞানিক প্রদর্শনীর কনভেনর রঞ্জু শর্মা। অনুষ্ঠানে জেলা শিক্ষা আধিকারিক কার্যালয়ে কর্মরত ওএসডি সমীর রঞ্জন নাথ বলেন, বাল বৈজ্ঞানিক প্রদর্শনী ছাত্রছাত্রীদের মধ্যে বিজ্ঞানমনস্কতা তৈরি করবে। তাদের উদ্ভাবনী শক্তি বিকশিত হবে। এদিনের বাল বৈজ্ঞানিক প্রদর্শনীতে জেলার বিভিন্ন বিদ্যালয় থেকে ৪৫টি মডেল প্রদর্শন করা হয়।

*****